# Nystaderm™ CREAM

Nystatin 2% and
Chlorhexidine Hydrochloride 1%

2041

## Presentation
Nystaderm™ Cream: Each gram cream contains Nystatin BP 100,000 IU & Chlorhexidine Hydrochloride BP 10 mg.

## Pharmacology
Nystatin is a fungistatic and fungicidal antifungal primarily effective against Candida albicans. Chlorhexidine has activity against a wide range of bacteria. Nystatin is poorly absorbed from the gastro-intestinal tract. It is not absorbed through the skin or mucous membranes when applied topically.

## Indications and uses
It is used to treat skin infections caused by either fungi and/or bacteria, such as ringworm, athlete's foot and infected nappy rash.

## Dosage & administration
For external use only.
Children and adults: Apply 2–3 times a day, continuing for 7 days after lesions have healed.

If the infected area has not improved within seven days of starting treatment, the patient has to consult with doctor. If the condition does not improve within 14 days of starting treatment, or if a new infection appears, the patient should stop using Nystaderm Cream and consult with doctor. An alternative treatment may be needed.

## Contraindications
Known hypersensitivity to the active substances, especially in those with a history of possible chlorhexidine-related allergic reactions.

## Side effects
*Common side effects:* Allergic skin reactions such as dermatitis, pruritus, erythema, eczema, rash and skin irritation.

*Rare side effects:* Severe allergic reactions, leading to a drop in blood pressure and even to unconsciousness.

## Warnings and Precautions
Avoid contact with eyes. If sensitivity occurs, or if new infection appears, discontinue use and institute alternative treatment. Nystaderm cream contains chlorhexidine. Chlorhexidine is known to induce hypersensitivity, including generalized allergic reactions and anaphylactic shock. Nystaderm cream should not be administered to anyone with a potential history of an allergic reaction to a chlorhexidine-containing compound.

## Use in Pregnancy & Lactation
Nystatin and Chlorhexidine cream should not be used for pregnant or breast-feeding mother. If antyone thinks that she may be pregnant or is planning to have a bbay, she should consult with a doctor before taking this medication.

## Drug interactions
There are no known drug interactions.

## Overdosage
Nystatin is poorly absorbed from the gastro-intestinal tract. In the event of accidental oral ingestion, routine measures such as gastric lavage should be performed as soon as possible after ingestion.

## Storage
Do not store above 30 °C. Keep away from light and out of the reach of children.

## Commercial pack
**Nystaderm™ Cream:** Each laminated tube contains 30 gram cream.

Manufactured by
**Incepta Pharmaceuticals Ltd**
Dhamrai Unit, Dhaka, Bangladesh
™ Trademark

V.N. 01

NYC

# নিস্টাডার্ম™ ক্রিম

নিস্ট্যাটিন ২% এবং
ক্লোরহেক্সিডিন হাইড্রোক্লোরাইড ১%

**উপস্থাপন**
**নিস্ট্যাডিন™ক্রিমঃ** প্রতি গ্রাম ক্রীমে রয়েছে নিস্ট্যাটিন বিপি ১০০,০০০ আইইউ এবং ক্লোরহেক্সিডিন হাইড্রোক্লোরাইড বিপি ১০ মি.গ্রা.।

**ফার্মাকোলজি**
নিস্ট্যাটিন একটি ছত্রাকরোধী এবং ছত্রাক ধ্বংসকারী এন্টিফাঙ্গাল যা মূলত ক্যানডিডা এলবিকাণের বিরুদ্ধে কার্যকর। ক্লোরহেক্সিডিনের বিভিন্ন ধরণের ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কার্যকারিতা রয়েছে। নিস্ট্যাটিন গ্যাস্ট্র-অন্ত্রের মাধ্যমে অল্প পরিমাণে শোষিত হয়। টপিক্যালি প্রয়োগ করার সময় এটি ত্বক বা মিউকাস মেমব্রেনের মধ্য দিয়ে শোষিত হয়না।

**নির্দেশনা ও ব্যবহার**
ইহা ছত্রাক দ্বারা অথবা ছত্রাক ও ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট ত্বকের সংক্রমণ যেমন রিংওয়ার্ম, এথলেট্‌স ফুট অথবা সংক্রমিত ন্যাপি রেশ এর চিকিৎসায় ব্যবহৃত হয়।

**মাত্রা ও সেবনবিধিঃ**
কেবলমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য।

***শিশু ও প্রাপ্ত বয়স্কঃ*** দিনে ২-৩ বার প্রয়োগ করতে হবে এবং ক্ষত নিরাময়ের পরবর্তী ৭ দিন পর্যন্ত চালিয়ে যেতে হবে।

চিকিৎসা শুরুর ৭ দিনের মধ্যে সংক্রমিত স্থানের উন্নতি না হলে, ডাক্তারের পরামর্শ নিতে হবে। চিকিৎসা শুরুর ১৪ দিনের মধ্যে অবস্থার উন্নতি না হলে অথবা নতুন ইনফেকশন দেখা দিলে নিস্টাডারম ক্রিমের ব্যবহার বন্ধ করা উচিত এবং ডাক্তারের পরামর্শ নেয়া উচিত। সেক্ষেত্রে বিকল্প চিকিৎসা গ্রহন করার দরকার হতে পারে।

**প্রতিনির্দেশনাঃ**
এ ওষুধের সক্রিয় উপাদান বিশেষ করে ক্লোরহেক্সিডিনের প্রতি যাদের অতি সংবেদনশীলতা রয়েছে তাদের প্রতি ওষুধটি প্রতিনির্দেশিত।

**পার্শ্ব প্রতিক্রিয়া**
সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়াঃ ত্বকের এলারজিক প্রতিক্রিয়া যেমন ডারমাটাইটিস, প্রুরিটাস, এরাইথেমা, এক্সিমা, রাশ এবং ত্বকে জ্বালা।
*বিরল পার্শ্ব-প্রতিক্রিয়াঃ* মারাত্মক এলারজিক প্রতিক্রিয়া, রক্তচাপ কমে যাওয়া, এমন কি অঘান হয়ে যাওয়া।

**পূর্ব সতর্কতা**
চোখের সংস্পর্শ এড়িয়ে চলতে হবে। সংবেদনশীলতা দেখা দিলে বা নতুন সংক্রমণ দেখা দিলে ব্যবহার বন্ধ করতে হবে এবুং বিকল্প চিকিৎসা গ্রহণ করতে হবে। নিস্টাডাম ক্রিমে ক্লোরহেক্সিডিন থাকে। ক্লোরহেক্সিডিন সাধারণভাবে এলারজি জনিত প্রতিক্রিয়া এবং এনাফাইলেকটিক শক সহ হাইপারসেন্সিটিভিটি রিএকশন দেখা দিতে পারে। ক্লোরহেক্সিডিনের প্রতি যাদের অতি সংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে ওষুধটি ব্যবহার করা উচিত নয়।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার**
গর্ভবতী ও স্তন্যদানকারী মায়েদের নিস্টাটিন এবং ক্লোরহেক্সিডিন ক্রিম ব্যবহার করা থেকে বিরত থাকা উচিত। যদি কারো গর্ভবতী হয়ে থাকার সম্ভাবনা থাকে অথবা গর্ভবতী হাওার পরিকল্পনা থাকে, সেক্ষেত্রে এই ওষুধটি ব্যবহারের পূর্বে ডাক্তারের পরামর্শ নেওয়া উচিত।

**ওষুধ আন্তঃক্রিয়া**
ড্রাগ-ইন্টার‍্যাকশনের কোন তথ্য জানা যায়নি।

**মাত্রাধিক্য**
নিস্ট্যাটিন গ্যাস্ট্রো-অন্ত্রের মাধ্যমে শোষিত হয়। দুর্ঘটনা জনিতভাবে ওরাল ইনজেশন হলে, যত তাড়াতাড়ি সম্ভব গ্যাস্ট্রিক ল্যাভেজের মত রুটিন ব্যবস্থা গ্রহণ করা উচিত।

**সংরক্ষণ**
৩০°সে. এর উপরে সংরক্ষণ করা হতে বিরত থাকুন। আলো থেকে দূরে এবং শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক**
**নিস্ট্যাডিন™ ক্রিমঃ** প্রতিটি ল্যামিনেটেড টিউবে রয়েছে ৩০ গ্রাম ক্রিম।

প্রস্তুতকারক
incepta
**ইনসেপ্‌টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
ধামরাই ইউনিট, ঢাকা, বাংলাদেশ
TM ট্রেডমার্ক